আলমডাঙ্গায় সরকারি ভাবে ধান সংগ্রহের জন্য লটারি

আলমডাঙ্গা খাদ্যগুদামে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী প্রত্যেক ইউনিয়ের কৃষক দের কাছ থেকে দরখাস্ত আহবান করলে, তাদের দরখাস্ত মোতাবেক লটারির মাধ্যমে ক্রেতা নির্ধারণ করার জন্য গত বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে উপজেলা কৃষি অফিসে লটারি অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

তিনি এসময় বলেন, সরকার সরাসরি প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের জন্য ঘোষণা দেন। সেই লক্ষে আমরা উপজেলার সকল ইউনিয়ন ও পৌর সভার কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করতে চাই। কিন্ত আমাদের লক্ষ মাত্রা ১ হাজার ৩ শত ৮৪ মেঃ টন। মানে প্রত্যেক কৃষক ১ মেঃ টন করে ধান বিক্রয় করতে পারবে। লক্ষ মাত্রার চেয়ে বিক্রেতার সংখ্যা বেশি হওয়ায় আজ আমরা লটারির মাধ্যমে বিক্রেতা সিলেকশন করে দেব। তারা নির্ধারিত সময়ে খাদ্যগুদামে ধান সরবরাহ করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু, ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, উপজেলা কৃষি অফিসার, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, উপজেলা খাদ্য কর্মকর্তা মোফাখাইরুল ইসলাম, গুদাম রক্ষক মিয়াজান হোসেন, খাদ্যপরিদর্শক রাবিবুল ইসলাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল হোসেন, উপজেলা সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন, উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক, ইউপি চেয়ারম্যান মাসুদ পারভেজ, আবু সাইদ পিন্টু, পৌর আওয়ামী লীগের সভাপতি, দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, প্রেসক্লাবের সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সভাপতি জামসিদুল হক মুনি, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা মৎস্যজীবী লীগের সভাপতি শাহাবুল ইসলাম, মিজানুর রহমান, সাইফুর রহমান পিন্টু, সহ শতাধিক কৃষক উপস্থিত ছিল।

লটারি করা হয় মোট ১৩৮৪ মেঃ টন ধান নেওয়া হবে। প্রতি কৃষক ১ টন করে ধান দিতে পারবে।

দর্শনায় আদিবাসীদের সাথে ওরিয়েন্টেশন ও উপকরণ বিতরণ

স্বাস্থ্য বিধি মেনে চলাচল ও স্বাস্থ্য বিধির ব্যবহার বিষায়ক রামনগর আদিবাসী সম্প্রদায়ের নারী-পুরুষের মধ্যে করোনা ভাইরাস প্রতিরোধে ওরিয়েন্টেশন ও উপকরণ বিতরণ করা হয়েছে।

বৃস্পতিবার সকাল ৮টায় ইয়ুথ এসেম্বলির আয়োজনে এবং ওয়েভ ফাউন্ডেশন সহযোগিতায় দর্শনা রামনগর বাগদী পাড়ায় ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

এসময় আদীবাসী সম্প্রদায়ের শতাধিক মানুষ দু দফায় শারিরীক দুরুত্ব বজায় রেখে ওরিয়েন্টেশনে অংশ নেয়। ওরিয়েন্টেশনের আগেই প্রত্যেক অংশ গ্রহনকারীকে একটি করে মাস্ক প্রদান করা হয়। আদীবাসী সম্প্রদায়ের মানুষ ও সমাজের একজন। ফলে তাদের স্বাস্থ্য সুরক্ষা নিয়ে ওরিয়েন্টেশন প্রদান করেন, দর্শনা পরিবার পরিকল্পনা কেন্দ্রর উপ-সহকারী মেডিকেল অফিসার ডাঃ ফরিদা পারভীন ও ডাঃ আনোয়ার হোসেন রাজিব।

এসময় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-সম্বনয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও ইসরাইল হোসেন খান টিটো।

এছাড়া ইয়ুথ এসেম্বলি গ্রুপের হাবিবুর রহমান সজিব সুজন নিপুন ও জগনাথসহ ১১জন উপস্থিত ছিলেন। এছাড়া বেলা ২টার দিকে পাকৃষ্ণপুর মদনা ইউনিয়ন ইয়ুথ এসেম্বলি গ্রুপের নিজ উদ্যোগে মদনা গ্রামে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে খাদ্য উপহার প্রদান করেন।

খাদ্য উপহার তুলে দেন ইয়ুথ এসেম্বলি গ্রুপের মানিক, জুয়েল, সুরাইয়া ও রোমা এবং অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাকের পার্টির নেতা আজমুল হক।

দামুড়হুদাসহ বিভিন্ন জায়গায় সেনাবাহিনীর ত্রাণ বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ও কুড়ুলগাছিতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে সেনাবাহিনী সদস্যরা বাড়ি বাড়ি গিয়ে ত্রাণ সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করেছে।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে কার্পাসডাঙ্গা ও কুড়ুলগাছি এলাকার হতদরিদ্রদের খাদ্য সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করেন সেনাবাহিনীর সদস্যরা। নগদ অর্থ ও খাদ্য সামগ্রী করোনা ভাইরাস সংক্রমণের প্রতিরোধমূলক সকল নির্দেশনা ও দূরত্ব বজায় রেখে বিতরণ করা হয়েছে।

যশোর সেনানিবাসের ১৯ ইস্টবেঙ্গল ৫৫ ডিভিশনের ক্যাপ্টেন ইমরানের নেতৃত্বে সেনাবাহিনী সদস্যরা করোনা ভাইরাসের কারনে সংকটময় মুহূর্তে খেটে খাওয়া মানুষের মাঝে ত্রাণ ও নগদ অর্থ বিতরণ করেন।

এসময় ক্যাপ্টেন ইমরান বলেন, করোনা ভাইরাসের কারনে কর্মহীনদের মাঝে ত্রাণ বিতরণ করার জন্য সকলের এগিয়ে আসা উচিত। করোনা ভাইরাস প্রতিরোধে সকলের সচেতন হতে হবে। বাংলাদেশ সেনাবাহিনী সংকটময় মুহূর্তে দেশ ও জনগনের পাশে ছিলো এবং থাকবে।

তিনি আরো জানান, সেনাবাহিনী এ খাদ্য সহায়তা কর্মসূচি অব্যাহত থাকবে।

দর্শনা রেল বাজারের প্রবেশ

মুখে জীবনু-নাশক টানেল উদ্বোধন

দর্শনা রেল বাজারে প্রবেশ মুখে স্বাস্থ্য বিধি সুরক্ষায় ওয়েভ ফাউন্ডেশনের পক্ষ দর্শনা রিক্সা স্ট্যান্ড বটতলায় থেকে জীবনু- নাশক স্প্রে টানেলের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বৃস্পতিবার সকাল সাড়ে ৯টায় উদ্বোধনের পর জীবনু-নাশক স্প্রে টানেলের কার্যক্রম শুরু হয়। ফলে রেল বাজারে ক্রেতা ও বিক্রেতারা জীবানুমুক্ত হয়ে বাজারে স্বাস্থ্য সুরক্ষা করে নির্বিঘ্নে বাজারে প্রবেশ করে তাদের কেনা-কাটা করছে।

এছাড়া তিনি সকাল ৯টায় দর্শনা অংকুর কেজি স্কুল মাঠে কর্মহীন মানুষের মাঝে খাদ্য উপহার প্রদান করেন। এরপর জীবনু-নাশক স্প্রে টানেল উদ্বোধন শেষে চুয়াডাঙ্গার উদ্যেশে চলে যান।

বাজার কমিটির উদ্যোগে বাজারের সব কয়টি প্রবেশ মুখে জীবানু-নাশক দিয়ে চটের বস্তা ভিজিয়ে রেখেছে এবং যুব ফোরামের মাধ্যমে প্রত্যেক ক্রেতা-বিক্রেতাদের হাতে স্যানিটাইজ লাগিয়ে দিচ্ছে। এছাড়া বাজারে শিশু ও বৃদ্ধদের প্রবেশ নিষেধ করছেন। সবচেয়ে এবার রমজানের বাজার ব্যবস্থাপনায় করোনা মুক্ত রাখতে তাদের এ উদ্যোগ বেশ প্রসংশা পেয়েছে।

এছাড়া বাজারের ভিতর বাই-সাইকেল, মোটর-সাইকেল, ভ্যান, রিক্সা, আলমসাধু ও অটোরিক্সা প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। ফলে ক্রেতারা নির্বিঘ্নে তাদের দুরুত্ব বজায় রেখে কেনা কাটা করতে পারছে।

জীবনু-নাশক স্প্রে টানেলের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান আলী মুছুর বাবু, উপজেলা নিবার্হী অফিসার এস এস মুনিম লিংকন, দর্শনা দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, ওয়েভ ফাউন্ডেশনের অর্থ পরিচালক আমিরুল ইসলাম ও সমন্বয়কারী কিতাব আলী প্রমুখ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে দুই ব্যবসায়ীর জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে। মহামারী করোনা ভাইরাস প্রতিরোধে জনগণকে সচেতনতা বৃদ্ধি ও অযথা দোকানে ভিড় করার অপরাধে বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে কার্পাসডাঙ্গা বাজারে ঝটিকা অভিযান পরিচালিত হয়।

অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্র্রেট হিসেবে দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মো: মহিউদ্দিন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানাগেছে, ১৮৬০ সালের আইনের ২৬৯ ধারায় কার্পাসডাঙ্গা বাজারের জি-রহমানিয়া মার্কেটের আব্দুল্লাহ গার্মেন্টসের মালিক রফিকুল ইসলাম কে ২ হাজার ও একই ধারায় হাজি মার্কেটের ফ্যাশান হাউজের মালিক শাহাবুদ্দিন কে ২ হাজার টাকা জরিমানা করেন। সেই সাথে ব্যবসায়ীদের কে সতর্ক করে দেওয়া হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কালে সহযোগিতা করেন উপজেলা ভূমি অফিসের পেশকার জিহন আলী ও দামুড়হুদা মডেল থানার এ এসআই আশেক সহ পুলিশ সদস্যবৃৃন্দ।

দর্শনা পৌরসভায় করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা

চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার উদ্যোগে ঈদকে সামনে রেখে করোনা ভাইরাস মাহামারি প্রতিরোধ কল্পে জন সচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুর ১২ টায় দর্শনা অডিটোরিয়াম হলরুমে করোনাভাইরাস মাহামারি প্রতিরোধ কল্পে জন সচেতনতা মূলক আলোচনা সভায় দর্শনা পৌর আ’লীগের সভাপতি মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা

পরিষদের সাবেক প্রশাসক ও উপজেলা আ’লীগের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল, দর্শনা কেরু এন্ড কোম্পানীর জি এম (প্রশাসন) শেখ শাহাবুদ্দিন, দর্শনা ইমাম সমিতির সভাপতি মো: নূরুল ইসলাম, দর্শনা প্রবীণ কমিটির সাধারণ সম্পাদক আকমত আলী, ঈদগাহ কমিটির সভাপতি জাহিদুল ইসলাম।

এছাড়া আলোচনা সভায় উপস্থিত ছিলেন জন প্রতিনিধি, আ’লীগ নেতা, মসজিদের ইমাম, সাংবাদিকসহ স্থানীয় সুধী সমাজের নেতৃবৃন্দ।

মেহেরপুর পৌর মেয়রের খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুর শহরের ৭ নং ওয়ার্ডে অসহায় কর্মহীন মানুষের মাঝে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে পৌছে দেন মেয়র রিটন।

গতকাল বুধবার বিকেলে অন্যান্যদিনের মত ধারাবাহিক ভাবে প্রায় ৩’শ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

এ পর্যন্ত প্রায় মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৯ হাজার পরিবারের কাছে খাদ্য পৌছেছে। এই খাদ্য সামগ্রী বিতরণ আগামিতেও অব্যাহিত থাকবে বলে জানান, পৌর মেয়র মো: মাহাফুজুর রহমান রিটন।

ত্রাণ বিতরণে সহযোগিতা করেন, ৭নং ওয়ার্ডেও কাউন্সিলর রাজীব প্রমুখ।

চুয়াডাঙ্গায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালা বাস্তবায়নের দাবীতে সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালার যথাযথ বাস্তবায়ন ও অনিয়ম প্রতিরোধে কৃষক ও নাগরিক সমাজের সচেতনতা সৃষ্টিতে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। অরাজনৈতিক সংগঠন জেলা লোকমোর্চার আয়োজনে বুধবার দুপুরে ওয়েভ প্রশিক্ষণ কেন্দ্রে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা লোকমোর্চার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, চলতি বছর জেলায় ৫ হাজার ৩১০ প্রান্তিক কৃষকের কাছ থেকে ৫ হাজার ৩১০ মেট্রিক টন ধান সংগ্রহ করা হবে। এজন্য তালিকাভুক্ত কৃষকদের মধ্যে থেকে লটারীর মাধ্যমে কৃষক নির্বাচর করার কথা রয়েছে। কিন্তু প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের নামে ইতিপূর্বে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। চলতি বছর স্বচ্ছতার ভিত্তিতে প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য ইতিমধ্যেই যথাযথ কর্তৃপক্ষের কাছে জেলা লোকমোর্চা দাবী উত্থাপন করেছে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভীন লাইল, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, প্রকল্প সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা প্রমুখ।

চুয়াডাঙ্গায় নতুন করে এক আনসার

সদস্য করোনাভাইরাসে আক্রান্ত

চুয়াডাঙ্গায় নতুন করে এক আনসার সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৩২ জনে। এরমধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন একজন এবং মারা গেছেন একজন।

বুধবার দুপুরে চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সকালে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ল্যাব থেকে ৪টি নমুনার প্রতিবেদন আসে। এরমধ্যে একজন করোনা শনাক্ত হয়েছেন। তিনি আলমডাঙ্গা উপজেলার গোকুলখালী ক্যাম্পের আনসার সদস্য।

উল্লেখ্য, গত ১৯ মার্চ চুয়াডাঙ্গায় প্রথম করোনা ভাইরাসে আক্রান্ত হন ইতালি ফেরত এক যুবক। তার বাড়ি আলমডাঙ্গায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন তিনি।

চুয়াডাঙ্গায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালা বাস্তবায়নের দাবীতে সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলায় বোরোধান সংগ্রহে সরকারি নীতিমালার যথাযথ বাস্তবায়ন ও অনিয়ম প্রতিরোধে কৃষক ও নাগরিক সমাজের সচেতনতা সৃষ্টিতে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। অরাজনৈতিক সংগঠন জেলা লোকমোর্চার আয়োজনে বুধবার দুপুরে ওয়েভ প্রশিক্ষণ কেন্দ্রে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা লোকমোর্চার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, চলতি বছর জেলায় ৫ হাজার ৩১০ প্রান্তিক কৃষকের কাছ থেকে ৫ হাজার ৩১০ মেট্রিক টন ধান সংগ্রহ করা হবে। এজন্য তালিকাভুক্ত কৃষকদের মধ্যে থেকে লটারীর

মাধ্যমে কৃষক নির্বাচর করার কথা রয়েছে। কিন্তু প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের নামে ইতিপূর্বে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। চলতি বছর স্বচ্ছতার ভিত্তিতে প্রকৃত প্রান্তির কৃষকদের কাছ থেকে ধান ক্রয়ের কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য ইতিমধ্যেই যথাযথ কর্তৃপক্ষের কাছে জেলা লোকমোর্চা দাবী উত্থাপন করেছে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আজাদ, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভীন লাইল, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, প্রকল্প সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা প্রমুখ।